নং. 27

<u>এক্সিকিউটিভ</u> <u>অর্ডার</u>

**আমি অ্যালবানি, ব্রুম, ক্যাইয়ুগা, শেনাঙ্গ, কলাম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, এসেক্স, ফুলটন, গ্রিন, হ্যামিল্টন, হারকাইমার, লুইস, ম্যাডিসন, মন্টগোমারি, ওনিডা, ওনোন্ডাগা, অন্টারিও, অরেঞ্জ, ওসওয়েগো, ওটসেগো, পুটন্যাম, রেনসেলার, সারাটোগা, স্কেনেকট্যাডি, স্কোহারি, স্কুইলার, সেনেকা, সালিভ্যান, টিয়োগা, টম্পকিনস, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েন, ইয়েটস এবং আশেপাশের কাউন্টিসমূহের জন্য স্টেটের দুর্যোগের জরুরি অবস্থা ঘোষণা করছি**

**WHEREAS**, 13 মার্চ 2023 তারিখে শুরু হয়ে চলতে থাকা একটি তীব্র নর'ইস্টার ঝড় বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি করবে বলে আশঙ্কা করা যাচ্ছে, যার ফলে অ্যালবানি, ব্রুম, ক্যাইয়ুগা, শেনাঙ্গ, কলাম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, এসেক্স, ফুলটন, গ্রিন, হ্যামিল্টন, হারকাইমার, লুইস, ম্যাডিসন, মন্টগোমারি, ওনিডা, ওনোন্ডাগা, অন্টারিও, অরেঞ্জ, ওসওয়েগো, ওটসেগো, পুটন্যাম, রেনসেলার, সারাটোগা, স্কেনেকট্যাডি, স্কোহারি, স্কুইলার, সেনেকা, সালিভ্যান, টিয়োগা, টম্পকিনস, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েন, ইয়েটস এবং আশেপাশের কাউন্টিসমূহের গণপরিবহণ, ইউটিলিটি পরিষেবা, জনস্বাস্থ্য এবং জননিরাপত্তা ব্যবস্থায় আসন্ন বিপদের আশঙ্কা করা হচ্ছে;

**যেহেতু,** এই ঝড়টি তিন ফুট পর্যন্ত ভারী, ভেজা তুষারপাত, 45 মাইল বেগে দমকা হাওয়ার মতো পরিস্থিতি সৃষ্টি করবে বলে আশঙ্কা করা হচ্ছে, এবং সমুদ্র তীরবর্তী এবং লেকের তীরবর্তী এলাকায় বন্যার ফলে রাস্তা বন্ধ হয়ে যাওয়া, যাত্রা বিঘ্নিত হওয়া, ব্যাপক বিদ্যুৎ বিভ্রাট এবং সরকারি ও বেসরকারি সম্পত্তির ক্ষতি হতে পারে, যা জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ;

**সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল,** নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 28 অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে চিহ্নিত করছি যে একটি দুর্যোগের ঘটনা আসন্ন যেটির জন্য প্রভাবিত হওয়া স্থানীয় সরকারগুলো যথাযথভাবে সাড়া প্রদান করতে সক্ষম নয়। তাই, আমি এতদ্দ্বারা 13 মার্চ 2023 রাত 8:00টা থেকে, অ্যালবানি, ব্রুম, ক্যাইয়ুগা, শেনাঙ্গ, কলাম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, এসেক্স, ফুলটন, গ্রিন, হ্যামিল্টন, হারকাইমার, লুইস, ম্যাডিসন, মন্টগোমারি, ওনিডা, ওনোন্ডাগা, অন্টারিও, অরেঞ্জ, ওসওয়েগো, ওটসেগো, পুটন্যাম, রেনসেলার, সারাটোগা, স্কেনেকট্যাডি, স্কোহারি, স্কুইলার, সেনেকা, সালিভ্যান, টিয়োগা, টম্পকিনস, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েন, ইয়েটস এবং আশেপাশের কাউন্টিসমূহের জন্য স্টেটের দুর্যোগের জরুরি অবস্থা ঘোষণা করছি। 12 এপ্রিল 2023 তারিখ পর্যন্ত এই নির্বাহী আদেশ কার্যকরী থাকবে; এবং

**সেইসাথে,** নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29 অনুযায়ী, আমি স্টেট পর্যায়ে জরুরি অবস্থা নিয়ন্ত্রণের সমন্বিত পরিকল্পনা (State Comprehensive Emergency Management Plan)বাস্তবায়নের নির্দেশ দিচ্ছি এবং স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে ও আমেরিকান রেড ক্রসকে (American Red Cross) প্রয়োজন অনুযায়ী, স্টেটের সম্পত্তি সুরক্ষিত রাখতে এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকার ও ব্যক্তিদের এই দুর্যোগে সাড়া দিতে ও এটি থেকে সেরে উঠতে সাহায্য করার জন্য, এবং জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে প্রয়োজন অনুযায়ী এধরনের অন্যান্য সহায়তা প্রদান করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুমোদন প্রদান করছি, যা 13 মার্চ 2023 তারিখ রাত 8:00টা থেকে কার্যকর হবে।

**এছাড়াও,** এই ঘোষণা 49 C.F.R. 390.23(a)(l)(A) এর বাধ্যবাধকতাসমূহ পূরণ করে, যা মোটরযানের ফেডারেল নিরাপত্তা বিধিমালার (Federal Motor Carrier Safety Regulations, FMCSR) 390 থেকে 399 পর্যন্ত অংশ থেকে অব্যাহতি প্রদান করে। ক্রুরা যাতে নিউ ইয়র্ক স্টেটের গুরুত্বপূর্ণ সড়কপথগুলো পরিষ্কার করতে পারে এবং ইউটিলিটি বিদ্যুৎ পুনরুদ্ধার ক্রুদের চলাচলের গতি বৃদ্ধি করার বিষয়টি নিশ্চিত করার জন্য FMCSR থেকে এধরনের অব্যাহতি পাওয়া আবশ্যক।

**উপরন্তু,** যদি কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মান্য করলে দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা সামাল দেওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ প্রতিরোধ, বাধাগ্রস্ত, বা বিলম্ব হতে পারে, তবে নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর ধারা 29-a দ্বারা আমার উপর ন্যস্ত সেই আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার কর্তৃত্ব দ্বারা, আমি এই মর্মে এই নির্বাহী আদেশের তারিখ থেকে 12 এপ্রিল, 2023 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি:

- স্টেট অর্থ আইনের (State Finance Law) 97-G ধারা, সেই পরিসর অবধি যা খাদ্য, জিনিষপত্র, পরিষেবাদি এবং সরঞ্জাম ক্রয় করার জন্য বা বিভিন্ন কেন্দ্রীভূত পরিষেবা প্রদান করার জন্য প্রয়োজন প্রভাবিত স্থানীয় সরকারগুলিকে, ব্যক্তিবর্গকে এবং অন্যান্য স্টেট-বহির্ভূত সত্ত্বাদের দুর্যোগকালীন জরুরি অবস্থার প্রতি সাড়াদান বা তা থেকে পুনরুদ্ধার পেতে সহায়তা করার জন্য প্রয়োজন;

- রাজ্যের অর্থ আইনের (State Finance Law) সেকশন 112 সেই পরিসর অবধি সংশোধন করা যা প্রয়োজন রাজ্যের সংবিধানের আর্টিকেল V, সেকশন । এর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার জন্য, এবং রাজ্যের চুক্তিগুলিতে অতিরিক্ত কাজ, সাইট এবং সময় যোগ করার জন্য;

- স্টেটের অর্থ আইনের ধারা 163 এবং অর্থনৈতিক বিকাশ আইনের (Economic Development Law) অনুচ্ছেদ 4-C, স্ট্যান্ডার্ড নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, পরিষেবা, প্রযুক্তি এবং উপকরণ ক্রয়ের অনুমতি দেয়;

- স্টেটের আর্থিক আইনের সেকশন 136-a, সম্মিলিত করার প্রয়োজনীয়তার পরিসরে, বিপর্যয়কালীন জরুরি অবস্থাতে সাড়া দিতে এবং তা থেকে পুনরুদ্ধার হতে একই চুক্তিতে নকশা ও নির্মাণ একত্র করা এবং/অথবা নকশা ও নির্মাণ পরিদর্শনের পরিষেবা প্রাপ্ত হওয়া;

- হাইওয়ে আইনের ধারা 38 (1),(2) এবং (3), সেই পরিসর অবধি যা জরুরি চুক্তি প্রদান করার অনুমোদনের জন্য প্রয়োজন;

- যানবাহন ও ট্র্যাফিক আইনের (Vehicle and Traffic Law) ধারা 375, 385 এবং 401, সেই পরিসর অবধি, যা অন্য অধিক্ষেত্রে বৈধভাবে নিবন্ধিত যানবাহন, সরঞ্জাম এবং মাত্রার জন্য, যারা জরুরি অবস্থার প্রস্তুতি ও সাড়াদানে প্রয়োজন, যানবাহন নিবন্ধন করা থেকে অব্যাহতি প্রদান করার জন্য প্রয়োজন;

- পাবলিক অথোরিটি আইনের (Public Authorities Law) ধারা 359-a এবং ধারা 2879, সেই পরিসর অবধি, যা নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে অথোরিটিকে (New York State Thruway Authority) সাধারণ নোটিস ও জোগাড় করার পদ্ধতি অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য ও সেবা ক্রয় করতে অনুমোদন প্রদানের জন্য প্রয়োজন; এবং

- নির্বাহী আইনের ধারা 24; মহাসড়ক আইনের ধারা 104 এবং 346; যানবাহন এবং ট্রাফিক আইনের ধারা 1602, 1630, 1640, 1650 এবং 1660; পরিবহন আইনের ধারা 14(16); গ্রাম আইনের ধারা 6-602 এবং 17-1706; সাধারণ সিটি আইনের ধারা 20(32); দ্বিতীয় শ্রেণির সিটি আইনের ধারা 91; এবং ধারা 107.1 শিরোনাম 21 নিউ ইয়র্ক কোডস, রুলস অ্যান্ড রেগুলেশনস, গভর্নরকে সড়ক মহাসড়ক ও স্ট্রিটগুলোতে যানবাহন নিয়ন্ত্রণ ও গতিবিধি নিয়ন্ত্রণের কর্তৃত্ব প্রদান করা হচ্ছে।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব সীলমোহরের অধীনে,
অ্যালবানি শহরে দুই হাজার তেইশ সালের
মার্চ মাসের তেরোতম দিনে এটি প্রদান
করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব